

13th India-Japan Foreign Ministers' Strategic Dialogue

October 07, 2020

13 তম ভারত-জাপান বিদেশমন্ত্রীদের কৌশলগত পারস্পরিক কথোপকথন

অক্টোবর 07, 2020

বিদেশমন্ত্রী ড. এস জয়শংকর 7 অক্টোবর 2020 তে টোকিইয়োতে তার জাপানি অনুরূপ মহামান্য শ্রী মোতেগি তোসিমিৎসু-র সাথে 13 তম ভারত-জাপান কৌশলগত পারস্পরিক কৌশলগত কথোপকথন করেছেন।

2. পারস্পরিক বিশ্বাস এবং আদর্শকে পুনরায় সুনিশ্চিত করে, তারা ভারত -জাপান বিশেষ কৌশলগত এবং বৈশ্বিক অংশদারিত্বের অগ্রগতির পর্যালোচনা করেছেন এবং সামুদ্রিক সুরক্ষা, বাণিজ্য ও বিনিয়োগ, কারখানা নির্মাণ, দক্ষতার বিকাশ, সংযোগ এবং পরিকাঠামো, স্বাস্থ্য ও কুশলতা, ভারত-প্রশান্ত মহাসাগরীয় উদ্যোগ (আইপিওআই), এবং ইউএন সংশোধনী সহ বিভিন্ন ক্ষেত্রের কেন্দ্রীভূত আলোচনা করেছেন।

3. ডিজিটাল প্রযুক্তির ক্রমবর্ধমান ভূমিকা পালনকে স্বীকৃতি দিয়ে, দুই মন্ত্রী মজবুত এবং স্থিতিশীল সাইবার পদ্ধতির প্রয়োজনের উপরে রেখাপাত করেছেন এবং এই প্রসঙ্গে, সাইবার সুরক্ষা চুক্তির মূল পার্ঠের চূড়ান্তকরণকে স্বাগত জানিয়েছেন। এই চুক্তি অন্যান্যগুলির মধ্যে, দক্ষতা অর্জনে, গবেষণা ও বিকাশে, জটিল তথ্যপ্রযুক্তি পরিকাঠামোতে, 5জি ইন্টারনেট অব থিংস(আইওটি), কৃত্রিম জ্ঞান(এআই)-এর সহযোগিতাকে প্রাংসাহিত করে।

4. দুই মন্ত্রী পারস্পরিক স্বার্থের আঞ্চলিক এবং বৈশ্বিক সমস্যাগুলি নিয়ে মত বিনিময় করেছেন এবং কোভিড-19 অতিমারি দ্বারা সৃষ্ট প্রতিবন্ধকতাকে জয় করার জন্য দুই দেশের মধ্যে মজবুত এবং স্থায়ী অংশদারিত্ব একটি মুখ্য ভূমিকা পালন করবে বলে সহমত ব্যক্ত করেছেন। তারা জোর দিয়েছেন যে, বিবিধ এবং স্থিতিস্থাপক জোগান শৃঙ্খলের উপরে একটি স্বাধীন, উন্মুক্ত এবং একীভূত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রস্তাব আবশ্যিক; এবং এই প্রসঙ্গে, ভারত, জাপান, অস্ট্রেলিয়া এবং অন্যান্য সমমনস্ক দেশগুলির মধ্যে জোগান শৃঙ্খলের স্থিতিস্থাপকতাকে স্বাগত জানিয়েছেন।

5. দুই মন্ত্রী সহমত হয়েছেন যে, সাম্প্রতিক কালে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল আরও বেশী প্রাধান্য অর্জন করেছে এবং এই অঞ্চলের উপযোগিতার জন্য ভারত ও জাপানের একযোগে কাজ করার উপরে রেখাপাত করেছেন। তাদের ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নিজ নিজ সমতাকে পুনরায় সুনিশ্চিত করে, যা কিনা আইনের নিয়মের উপরে ও সার্বভৌমতা ও ভূখন্ডের অখন্ডতাকে সম্মান প্রদর্শনের ভিত্তি করে গঠিত, জাপানের তরফ থেকে ভারত-প্রশান্ত মহাসাগরীয় উদ্যোগে(আইপিওআই) অগ্রগামী শরীক হবার জন্য এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অগ্রগতির জন্য উভয় দেশের নিজ নিজ দৃষ্টিভঙ্গিকে যৌথভাবে গ্রহণ করার জন্য সহমত ব্যক্ত করা

হয়েছে।

6. দুই মন্ত্রী একে অন্যের প্রতি শুভকামনা ব্যক্ত করেছেন এবং দুই প্রধানমন্ত্রীর পারস্পরিক সুবিধামত সময়ে ভারতে পরবর্তী বাৎসরিক দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলন আয়োজন করার প্রতি তারা তাকিয়ে রয়েছেন।

টোকিও

অক্টোবর 07, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.